

নবনিযুক্ত প্রতিমন্ত্রীর সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী
প্রশ্ন ফাঁস ঠেকাতে সব ধরনের ব্যবস্থা নেয়া হচ্ছে

ঢাকা, ০৭ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে সব ধরনের ব্যবস্থা নেয়া হচ্ছে। এজন্য শিক্ষক-অভিভাবকদের সচেতনতা ও দায়িত্ববোধ আরো বাড়াতে হবে। প্রশ্ন ফাঁসরোধের ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে শিক্ষামন্ত্রী বলেন, আমরা এটা কোনভাবে সহ্য করব না। এ ব্যাপারে কোন আপোষ করা হবে না।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় সরকারি পরিবহন পুল ভবনে মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগে নবনিযুক্ত প্রতিমন্ত্রী কাজী কেরামত আলীকে দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ এ সংবর্ধনার অয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি ও নারী শিক্ষার উন্নয়নে বাংলাদেশ উন্নয়নশীল দেশগুলোর মধ্যে রোল মডেল। ইতোমধ্যে শতকরা ১৪ ভাগ শিক্ষার্থী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় পড়াশুনা করছে। ২০২০ সালের মধ্যে তা শতকরা ২০ ভাগে উন্নীত হবে। মাদরাসা শিক্ষায়ও অনেক পরিবর্তন এসেছে, আধুনিকায়ন করা হয়েছে। তিনি বলেন, উন্নত দেশসহ দরিদ্র দেশগুলোর সমস্যা হচ্ছে মানসম্মত শিক্ষা। এসডিজি-৪ এর লক্ষ্য হচ্ছে মানসম্মত শিক্ষা অর্জন। শিক্ষার্থীদের যোগ্য কর্ম হিসেবে গড়ে তোলা।

দুর্নীতির ব্যাপারে জিরো টলারেন্স নীতির উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরকে আধুনিকায়ন করা হয়েছে। দুর্নীতির মূলোচ্ছদ করার যে উদ্যোগ নেয়া হয়েছে, তা অব্যাহত থাকবে। দুর্নীতির বিরুদ্ধে আমাদের অবস্থান দৃঢ়।

শিক্ষামন্ত্রী কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগে নবনিযুক্ত প্রতিমন্ত্রীকে শিক্ষা পরিবারের একজন সদস্য হিসেবে স্বাগত জানান। প্রতিমন্ত্রী শিক্ষার উন্নয়নে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঝঁও ও অশোক কুমার বিশ্বাস এবং শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারি কল্যাণ সমিতির সভাপতি মো. গোলাম মোস্তাফা বক্তৃব্য রাখেন।

এর আগে নবনিযুক্ত প্রতিমন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর-সংস্থার প্রধানগণ।